


# I'm Speaking

আমি কথা বলছি


FUNDING PROVIDED BY


NYC Department of Youth & Community Development

NYIC 35 YEARS OF BUILDING IMMIGRANT POWER

KCS WWW.KCSNY.ORG

The Korean Community Services of Metropolitan New York, Inc.

뉴욕한인봉사센터



# I'm Speaking

আমি কথা বলছি


FUNDING PROVIDED BY
NYC Department of Youth & Community Development
NYIC 35 YEARS OF BUILDING IMMIGRANT POWER
KCS WWW.KCSNY.ORG
THE KOREAN COMMUNITY SERVICES OF METROPOLITAN NEW YORK, INC.
뉴 욕 한 인 봉 사 센 터

আমাদের কমিউনিটি সংস্থাগুলির প্রতি এবং ঘৃণার বিরুদ্ধে লড়াই করা মিত্রদের উদ্দেশ্যে জানাই,
এটা আপনাদেরই জন্য।

লিখেছেন
ইয়ুনা ইয়োউন, কোরিয়ান কমিউনিটি সার্ভিসেস

ছবি এঁকেছেন
আনুশা মোর্শেদ

তৈরি করেছেন নোরা মেলেন্দেজ,
দ্য নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন

অর্থ দিয়েছে
দ্য নিউ ইয়র্ক সিটি কাউন্সিল ও দ্য ডিপার্টমেন্ট অফ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট

অনুবাদ করেছেন
আনুশা মোর্শেদ এবং TransLingua Associates Inc.

# I'm Speaking

***৯ম গ্রেড আর্ট ক্লাস, JHS***





এই যে মারজানা! তুমি কি এখনও ইউমিকে বিরক্ত করছো? কিছু চিন্তা করে বের করতে পারলে?
মিস আমরা তো একসঙ্গে চিন্তা করছি কাজটা নিয়ে ।
ওটা তো...
আচ্ছা কী চিন্তা করে বের করলে এতক্ষণে শুনি ?
সেটা ...
এতক্ষণ গেল আর এই হচ্ছে অবস্থা? ইউমি, তোমারটা শুনি ?
বুঝতে পারলাম এটা মারজানা এতক্ষণ তোমার সাথে কথা বলার ফল। তোমাদের একটা প্রস্তাব দেই: তোমাদের বাবা অথবা মাকে এঁকে ফেলো। টিচার্স মিটিং এ আমার তাদের সাথে দেখা হয়েছিল গত সপ্তাহে , মনে আছে খুব ভালো মানুষ ওনারা।
ওহ, আমি জানি কে! সালমান খান!
কি বললে ?
উনি খান একাডেমি বানিয়েছেন। আমার মতে নায়ক উনিই! মিস টি. চেনেন না?! এটা তো বিশ্ববিখ্যাত বিনামূল্যে অনলাইন পড়াশোনার প্রোগ্রাম যেটা আমরা সবাই ব্যবহার করি !
...
ওরকম তো কতশত জিনিস আছে । তবে মারজানা, এইযে তুমি কথার মধ্যে কথা বলছো আবার।
দুঃখিত, ইউমি। মারজানা এতক্ষণ তো কথা বলছিল, কিন্তু তুমি কি জানো কি আঁকবে ?
মিস আমি... আমি মনে হয় না পারবো।
ওহ্ মিস টি, দেখেন আশাগার কি এঁকেছে !
*উপেক্ষিত*
ইউমি, তুমি যদি এটাই না করতে পারো, তাহলে তো এই প্রজেক্ট ফেল করবে ...
আমি একটু পরে আসছি । আমার কথা মত চেষ্টা করে দেখতে পারো। বেশি চিন্তা করার দরকার নেই।
?




F
F@!#

ক্লাস চলতে থাকে ...


আচ্ছা ক্লাস; আশাগার শুরু করবে প্রথমে কারণ ও সবার আগে কাজটা সেরে ফেলেছে!
আশাগার, শেয়ার করে ব্যাখ্যা করতে পারবে?
অবশ্যই, মিস টি.!
Mr. Vice President, I'm Speaking.
ক্লাস, তোমরা কেউ কি চিনতে পারছো ইনি কে?
হুম, কেউ একজন যে এখনও কথা বলে নাই বলুক দেখি ? ইউমি আজ তেমন একটা ক্লাসে অংশগ্রহণ করে নাই-
ইউমি, তুমি কি বলতে পারবে এটা কে?
আমি! আমি জানি!
আমি জানি!
আমি জানি!
মিস টি, আমি —
!


IVY LEAGUE
04:30 PM





06:00 PM
IVY LEAGUE
. . .



Z Z Z Z Z Z
08:00 PM
আআআআ!!!
IVY LEAGUE
08:03 PM
marjana 43m ago
তুমি কি ঠিক আছো ইউমি?
marjana 3h ago
এই তোমার কি অবস্থা ?
GAME START
09:00 PM
10:00 PM
সারাদিন কাজের পর বাবা-মা এসেছে আর ঠিকমতো দেখা করবা না, আমরা কি এই শিখিয়েছি ?
11:00 PM
ইউমি, তুমি বাবা-মার সব কষ্ট জেনেও এভাবে হতাশ করছো কেন?
12:00 AM




OVER.
03:00 AM
marjana 2h ago
পারলে টেক্সট দিও ইউমি
marjana 50m ago
[মিসড কল সমূহ]
MARJANA
ইনকামিং কল
হ্যালো?





# I'm Speaking

পরের দিন সকালে ...





07:00 AM
06:00 PM
...
জী ... আচ্ছা ... জি না ...
মহিলাটা কি বলল একটা কিছুও বুঝলাম না...
ইউমি আজকে স্কুলে যায়নি।
ইউমি! এক্ষনই বেরিয়ে আসো!
তোমরা কি —




স্কুল কাউন্সিলর ফোন করলো! আমার মেয়ের এই অবস্থা হলো কিভাবে ? আমাদেরকে এভাবে কষ্ট দিচ্ছ কেন??!!! আবার?!!
কী বলছে জানো? সে জানতে চায় বাড়ি তে সব ঠিকঠাক আছে কি না। **সে যে কী ভাবছে বুঝতে পারছো?**
কাউন্সিলরের নাম **"মিস লি"** কিন্তু সে কোরিয়ান ভাষা পারে না... সে জিজ্ঞেস করছে তোমার ইতিহাস নিয়ে । তোমার গত বছরের মানসিক হাসপাতালের চিকিৎসা সম্পর্কে সব জানে সে! সাথে আবার জিজ্ঞেস করল **আমাদেরও** থেরাপি লাগবে কি না!
...
এটা আমার বিশ্বাস হচ্ছে না। মিস লি খুব ভালো মানুষ, উনি কাউকে বলবেন না এসব। উনি আসলে অর্ধেক কোরিয়ান আর অর্ধেক তাইওয়ানিজ। আর মা, ওটাকে "মানসিক হাসপাতাল" ডাকে না! ওটা হচ্ছে মানসিক চিকিৎসা-
**ওইসব কী যায় আসে ???**
মানে আমার মনে হয় মিস লিকে নিয়ে চিন্তা করার কিছু নাই আর উনি ইউমিকে সাহায্য করতে পারবেন—
**কিইবা নিয়ে সাহায্য করবে শুনি ?!!**
দুঃখজনকভাবে অনেক ছেলে মেয়েরা নিজেদের ক্ষতি নিজেরাই করে অথবা আত্মহত্যা প্রবণ হয়। আমি দেখেছি মিস লি অনেক এশিয়ান ছেলে মেয়েদের সাহায্য করে আর তাদের বেশির ভাগেরই আর হাসপাতালে যেতে হয় না—
**তুমি কি বলতে চাচ্ছো এটা আমাদের লক্ষ্য হওয়া উচিত? যে ইউমিকে যেন আমাদের হাসপাতালে না পাঠাতে হয়? সবাইকে এত কষ্ট দেয়ার পরও যদি এরকম—**
...




সবাই থামো!!! !!!



তোমরা কি একবারও ভেবে দেখেছো আমাকে তোমরা কি রকম কষ্ট দিচ্ছো?
তোমরা কি ইউরি আপুকে বলতে চাও কি হয়েছিল যখন ও স্টাডি স্লিপ ওভারের জন্য বাইরে ছিল? আপু, খেয়াল করে দেখেছো বাবার মাথায় কি হয়েছে?
কি!? বাবা কাজে যাওয়ার পথে ব্যাথা পেল না?
ওহ তাই না? কিভাবে যেন বাবা পড়ে গেল একটা ধাতব পাইপের উপর যেটা এক ভদ্রলোকে ধরে ছিলেন, আর কেন যেন বাবাসহ সাবওয়ে ট্রেনটায় শুধুমাত্র এশিয়ান লোকেরাই পড়লো সেই ভদ্রলোকের পাইপে!
কি??
এটাই হচ্ছে সবচেয়ে বড় সমস্যা—***কথা বলা।***
তারা চায় সবকিছু যেন আমি তাদের বলি: কেন যাচ্ছি না স্কুলে অথবা কেন খারাপ রেজাল্ট হচ্ছে — কিন্তু উল্টো ভয় পায় যেন না আমি অন্যদেরকে এসব নিয়ে একটুও কিছু বলে দেই!
আর এটাও বলি —সবাই আমার স্কুলে না যাওয়া নিয়ে চিন্তিত কিন্তু তোমরা কেউই— মারজানা আর মিস লি ছাড়া কেউই— জানতে চাওনি আমি ঠিক আছি কিনা!
কেউই আমাকে জিজ্ঞেস করলো না আমার কেমন লাগছে অথবা কি হয়েছে জানতে চাইলো না।
মা, ও কি বলছে এসব?






আমাকে ছাড়ো তো তোমরা!!!!
ধাম!
[সবাই নীরব]







# I'm Speaking

*এক সপ্তাহ পর...*





আসলে আমি অনেক লজ্জিত।
শিক্ষকের সাথে আমি কখনই খারাপ আচরণ করি না
আর ক্লাসরুম থেকে হুট করে বের হয়ে যাওয়া তো
দূরের কথা। কিন্তু সে দিন আমি এসব করেছি ।
এত কিছু একসাথে হচ্ছিল ...
আমি কেন যে
আশাগারের মত হতে পারলাম
না। আপনি চেনেন তো ওকে,
তাই না? গত বছর যা
হয়েছিল তারপর থেকে ?
হ্যাঁ তোমার সহপাঠী সে ,
তাই না? আমাকে সব বলতে
পারো কিন্তু, শোনার জন্যেই
আমি এখানে আছি ।
ধন্যবাদ,
মিস লি...
হয়েছিল কি আমাদের ক্লাসের আমরা সবাই জেনে
গিয়েছিলাম আশাগারের লকারে কি ছবি আঁকা হয়েছিল তা
নিয়ে কারণ ও ঐটা রিপোর্ট করে দিয়েছিল।
আমরা তো সবাই হতবাক হয়ে গিয়েছিলাম কারণ আমরা দ্বিতীয় বিশ্বযুদ্ধ নিয়ে সবেমাত্র পড়া শেষ করলাম তখন আর আমেরিকার
ইতিহাস নিয়ে পড়ছিলাম ... আশাগার পরে বলেছিল একজন ইথিওপিয়ান ইহুদি হিসেবে ওটা ওকে কিরকম ভাবে প্রভাবিত করেছিল।
US HISTORY
WWII
আমি ঠিক বুঝলাম না কেন
ওরা আরও তাড়াতাড়ি ছবিটা
মুছে ফেলতে পারলো না!
আমার সব মনে আছে
কারণ আমার লকার ঠিক
ওর পাশেরটা।
এই ঘটনাটা নিয়ে কেউ
কথা বলে না।





তারপর গত সপ্তাহে আর্ট ক্লাসের শুরুর আগে করে ...
কেউ একজন একটা ছবি এঁকে রেখেছিল আমার লকারে।
YUMI
START ASIAN HATE
ইউমি...
এটা তো অনেক খারাপ
লাগার কথা।
কাউকে
বলো নাই?
*মাথা
নাড়াচ্ছে*
কাউকে বলি নাই এবং কেউ দেখেও নাই।
আমি চুপচাপ ওটা মুছে ফেলেছিলাম ... আর তারপর ক্লাসে চলে গিয়েছিলাম।


নিজের ওপর পরে খুব রাগ উঠেছিল কাউকে বলি নাই তাই।
ঠিক আমার বাবা-মায়ের মতো।
ঠিক তোমার বাবা-মায়ের মতো?
ওহ্‌, না, কিছু না।
যাইহোক, তারপর সেদিন ক্লাসে মিস টি বলল আমাদের নায়কদের আঁকতে হবে ...আর প্রস্তাব দিল যে আমার বাবা-মাকে আঁকি ।
আশাগার এঁকেছিল কমলা হ্যারিসকে , যখন উনি বলেছিলেন “Mr. Vice President, I’m speaking.”
মিস টি তখন আমাকে ডেকেছিল কিন্তু আমি কিছুই বলতে পারিনি । উনি বললেন যে আমি ঐ প্রজেক্টটা ফেল করবো।
F
ওহ্‌ ইউমি, আমি আসলে খুবই দুঃখিত।
তোমার প্রচন্ড কষ্ট লেগেছে নিশ্চয়ই। এটা কিভাবে ম্যানেজ করেছো একা একা?
বাসায় গিয়ে শুধু ভিডিও গেম খেলেছি আরকি ...
অনেক বকা খেয়েছি যদিও।





এতে দোষের কিছু নাই। বাসায় বকাঝকা খাওয়া সত্বেও স্কুলে যখন শিক্ষক আর কাউন্সিলররা বলে কোনো সমস্যা নেই; এই ব্যাপারটা অনেক বিভ্রান্তিকর হওয়ার কথা।
হ্যাঁ খুবই...
সত্যিই?
তুমি একা না ইউমি। আমিও বিভ্রান্ত ছিলাম আগে।
অবশ্যই!
*মাথা নাড়াচ্ছে*
এটা বিভ্রান্তিকর কারন এটা জটিল একটা ব্যাপার।
বাবা মারা সবসময় নিশ্চয়ই তাদের সন্তানদের ভাল চান। তাই তাদের যদি মনে হয় ভিডিও গেম খারাপ, তোমাকে হয়তো বলবেন না খেলতে ।
উনারা হয়তো এসেছেন একটি অন্যরকম পরিবেশ আর অন্য প্রজন্ম থেকে,
তোমার জন্য ব্যাপারটা কিরকম তা না বুঝতে পারাটা স্বাভাবিক।
সুতরাং, নিজের জন্য যা সঠিক মনে হয় সেরকম সিদ্ধান্ত তোমাকেই নিতে হবে ইউমি।
তোমার বাবা-মা কিন্তু অবশেষে এইটাই চাইবেন। যদিও অনেক কিছুতেই তোমার মতের সাথে মিলবে না।






# I'm Speaking

*এক সপ্তাহ পর …*




আমি এখানে আগে আসাতে ঘুরে দেখছিলাম আর ঐ ফ্লায়ারটা চোখে পড়েছে। দেখ ...
KCS HATE-CRIME SURVEY FORM
NAME
GENDER
ADDRESS
EMAIL
PHONE
Q1 HAVE YOU EXPERIENCED ANY KIND OF HATE-CRIME?
Q2 DID YOU SEEK HELP FROM LAW ENFORCEMENTS?
Q3 WHAT SERVICE WOULD YOU LIKE TO RECIEVE?
ওয়াও ... ইউমি তুমি কি করবা এখন?
তো আমি এইটার কোরিয়ান ভার্শনটা দেখাবো আমার বাবা-মাকে।
এরপর কি হবে ঠিক বলতে পারছি না। তবে এইটুকু আমি নিশ্চিত,
আমি এখন কথা বলছি।